

ঢাবি ভিসি অধ্যাপক ফায়েজের মেয়াদ সাময়িকভাবে বৃদ্ধি

বিষবিদ্যালয় রিপোর্টার

ঢাকা, বিষবিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএফ ফায়েজের মেয়াদ বাড়ানো হয়েছে। নতুন কোন উপাচার্য যোগান না করা পর্যন্ত তিনি ওই পদে দায়িত্ব পালন করবেন। সোমবার সকালে শিক্ষা মন্ত্রণালয় থেকে তাকে নতুন দিহাজ্ঞ জানানিয়ে দেয়া হয়। বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের আমলে বিগত জোট সরকারের আমলে পানসিক বিষবিদ্যালয়ে নিয়োগকৃত কোন উপাচার্যের এই প্রথম মেয়াদ বৃদ্ধি করা হল। সরকারের বিগত ১৭ মাসে মোট ৭ জন উপাচার্যকে এর আগে অপসারণ করা হয়। অপসারিত সব উপাচার্যের বিরুদ্ধেই অনিয়ম-দুর্নীতির অভিযোগ রয়েছে।

মহুগাম্বয়ের উপ-সচিব (বিষবিদ্যালয়) মোঃ রইছ উদ্দিন স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়, ঢাকা বিষবিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে রাষ্ট্রপতি ও ওই বিষবিদ্যালয়ের চ্যান্সেলর বিষবিদ্যালয় অর্ডেন্স ১৯৭৩-এর ১১(২) ধারা অনুযায়ী অধ্যাপক ফায়েজকে সম্পূর্ণ সাময়িকভাবে উপাচার্যের দায়িত্ব প্রদান করেছেন। বিষবিদ্যালয়ের সিনেট কর্তৃক নির্বাচিত তিন ব্যক্তির প্যানেল থেকে উপাচার্য নিয়োগ না দেয়া পর্যন্ত তিনি দায়িত্ব পালন করবেন।